

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৮১৭

৩০/ পাপ ও তাওবা

পরিচ্ছেদঃ তওবার বিবরণ

আরবী

وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ أَنَّ رَسُوْلَ اللهِ عَلَيْ قَالَ يَضْحَكُ اللهُ سُبْحَانَهُ وَتَعَالَى إِلَى رَجُلَيْنِ يَقْتُلُ أَعَنْ أَبِيْ هُرَيْرَةَ أَنَّ رَسُوْلَ اللهِ عَلَى القَاتِلِ أَحَدُهُمَا الآخَرَ يَدْخُلَانِ الجَنَّةَ يُقَاتِلُ هٰذَا فِي سَبِيْلِ اللهِ فَيُقْتَلُ ثُمَّ يَتُوبُ اللهُ عَلَى القَاتِلِ فَيُسْلِمُ فَيُسْنَشْهَدُ مُتَّفَقٌ عليه

বাংলা

(৩৮১৭) আবৃ হুরাইরাহ (রাঃ) হতে বর্ণিত, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আল্লাহ সুবহানাহু অতাআলা ঐ দু'টি লোককে দেখে হাসেন, যাদের মধ্যে একজন অপরজনকে হত্যা করে এবং দু'জনই জান্নাতে প্রবেশ করবে। নিহত ব্যক্তিকে আল্লাহর পথে যুদ্ধ করা অবস্থায় (কোন কাফের কর্তৃক) হত্যা করে দেওয়া হল। পরে আল্লাহ তাআলা হত্যাকারী কাফেরকে তওবা করার তাওফীক প্রদান করেন। ফলে সে ইসলাম গ্রহণ ক'রে আল্লাহর রাস্তায় শহীদ হয়ে যায়।

ফুটনোট

(বুখারী ২৮২৬, মুসলিম ১৮৯০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন